

উপস্থিত সদস্য গনের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত ২৪/১১/২০২০খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী অত্র সভায় পাঠান্তে বিস্তারিত আলোচনার পর উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্য বৃন্দকে জানান যে, পবিত্র মাহে রমজান ১৪/৪/২০২১ইং তারিখ হতে শুরু হবে ইনশাআল্লাহ। মাহে রমজান মাসে দ্রব্যমূল্য যাতে বৃদ্ধি না পায় এবং জনগন তথা ক্রেতাদের ক্রয় ক্ষমতার মধ্যে থাকে সে আলোকে রমজান মাস থেকে প্রত্যহ সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত এবং বিকেল ৪.০০ ঘটিকা হতে ৬.০০ ঘটিকা পর্যন্ত বিশেষ করে মাছ, মাংস, সবজি, পেয়াজ, কাঁচা মরিচ এর বাজার মূল্য নিয়ন্ত্রন রাখার লক্ষে মেহেরপুর বড় বাজার ও হোটেল বাজার এর ব্যবসায়ীগন ক্রেতাদের সাথে অধিক মূল্য নিতে না পারে সে আলোকে উক্ত কাঁচা বাজার ০২টি মনিটরিং করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনার পর স্যানিটারী ইন্সপেক্টর, মেহেরপুর পৌরসভাকে উলেখিত সময়সূচী অনুযায়ী বাজার ০২টি মনিটরিং করার জন্য দায়িত্ব অর্পন করা হলো।

জনাব শিউলি আক্তার সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর মেহেরপুর পৌরসভা সভায় জানান যে, পবিত্র মাহে রমজান আগামী ১৪এপ্রিল-২০২১খ্রিঃ তারিখ হতে শুরু হবে। সে আলোকে রমজান মাস শুরু থেকে পৌর সাউন্ড সিস্টেমের মাধ্যমে সকল ব্যবসায়ীগনকে অবগত করাতে হবে যে, তারা যেন রোজাদার গনের নিকট কোন ভেজাল খাবার বিক্রয় করতে না পারে। তার পরেও যদি কোন অসাধুব্যবসায়ী বিক্রয় করে তাহলে ড্রাম্যমান আদালতের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। এবিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনান্তে স্যানিটারী ইন্সপেক্টর, মেহেরপুর পৌরসভাকে বিশেষ করে রমজান মাসে সপ্তাহে দুইদিন ড্রাম্যমান আদালত পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য দায়িত্ব অর্পন করা হলো।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Rakela  
24.7.21

(মোঃ শাকিল রাব্বী)

কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

ও সভাপতি

বাজারমূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি  
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলোঃ

- ১। মেয়র, মেহেরপুর পৌরসভা।
- ২। জনাব হামিদা, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
- ২। জনাব মোছাঃ শিউলী আক্তার, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
- ৪। জনাব মোঃ সোহেল রানা, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়  
মেহেরপুর।




পরিশিষ্ট 'ক'

সভার তারিখঃ ২৪/০৩/২০২১খ্রিঃ

সময় : ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নামঃ	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা।	
০২	জনাব হামিদা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
০৩	জনাব মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
০৪	জনাব মোঃ সোহেল রানা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	